নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩১৪ ০৪ নভেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবিতে ফসল উৎপাদন ও বৃদ্ধিতে জলবায়ুর প্রভাব শীর্ষক সেমিনার

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) 'মেঘনা অববাহিকার নিম্নাঞ্চলের ফসলের উৎপাদন ও বৃদ্ধির উপর জলবায়ু পরিবর্তনের প্রভাব; প্রেক্ষিত ভবিষ্যত খাদ্য নিরাপত্তা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (০৪ নভেম্বর ২০২৫) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সম্মেলন কক্ষে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

নোবিপ্রবি পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান ও 'মেঘনা অববাহিকার নিম্নাঞ্চলের ফসলের বৃদ্ধি ও উৎপাদনের উপর জলবায়ুর প্রভাব নিরুপণ এবং ভবিষ্যতের খাদ্য-নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে জলবায়ু সহিষ্ণু ফসল নির্বাচন' শীর্ষক প্রকল্পের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামানের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও রিসার্চ সেল পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, খাদ্য নিরাপত্তা আমাদের জন্য বড় একটি চ্যালেঞ্জ। জলবায়ু পরিবর্তনের ফলে আমাদের কৃষি ব্যবস্থা ক্ষতিগ্রস্থ হচ্ছে। ভবিষ্যতের খাদ্য নিরাপত্তার কথা বিবেচনায় এনে জলবায়ু সহিষ্ণু ফসল নির্বাচন করতে হবে। এ অঞ্চলে আমরা সয়াবিন ও বার্লিকে জলবায়ু সহিষ্ণু ফসল হিসেবে নির্বাচন করেছি। সেমিনারের আয়োজকদের ধন্যবাদ এবং এর সফলতা কামনা করছি।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক বলেন, বিশ্ববিদ্যালয়ের র‍্যাঙ্কিংয়ে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে এসব গবেষণা প্রজেক্টের সরাসরি সম্পর্ক রয়েছে। শিক্ষকদের গবেষণার প্রতিফলন র‍্যাঙ্কিংয়ে পড়ছে। আমি আশা করবো গবেষণার ক্ষেত্রে এই অগ্রযাত্রা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। বর্তমানে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং মেশিন লার্নিং অনেক বেশি আপডেটেড। সুতরাং কৃষির সঙ্গে প্রযুক্তির সংযোগ স্থাপন করে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা করতে হবে।

সেমিনারে প্রকল্পের সার-সংক্ষেপ তুলে ধরেন প্রকল্প পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান। তিনি বলেন, আজকের সেমিনারের কি-নোট স্পিকারগণ জলবায়ু পরিবর্তনের বাস্তবতা ও প্রভাব বিশ্লেষণ, কৃষিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় মিটিগেশন এবং এডাপটেশন কৌশল, মেঘনা অববাহিকার নিম্নাঞ্চলে ভবিষ্যতে সয়াবিন এবং বার্লি উৎপাদনের সম্ভাবনা, জলবায়ু সহিষ্ণু আধুনিক কৃষি ব্যবস্থার উন্নয়ন ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করবেন। তিনি সেমিনারে অংশগ্রহণকারী সকলের প্রতি ধন্যবাদ জানান।

সেমিনারে মুখ্য আলোচক ছিলেন ইএসডিএম বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আবদুস সালাম, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, নোয়াখালীর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. শহিদুল ইসলাম, নোবিপ্রবি এগ্রিকালচার বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. গাজী মো. মহসিন, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, সুবর্ণচর, নোয়াখালীর সহকারী পরিচালক ড. আসিফ ইকবাল এবং সেন্টার ফর পিপল এন্ড এনভায়রনমেন্ট এর পরিচালক মুহাম্মদ আবদুর রহমান।

প্রসঙ্গত, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টের অর্থায়নে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে শিক্ষক-শিক্ষার্থী, গবেষক, বিজ্ঞানী, সরকারী কর্মকর্তা ও সাংবাদিকবৃন্দ অংশ নেয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪